গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড
ব্যবস্থাপনা পরিচালক- এর দপ্তর
www.dpdc.gov.bd
বিদ্যুৎ ভবন, ১ আব্দুল গণি রোড, ঢাকা- ১০০০

সভাপতি	নূর আহমদ ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
সভার তারিখ	**২৩ এপ্রিল ২০২৫খ্রি:**
সভার সময়	**দুপুর ০২:০০ মিনিট**
স্থান	Online Zoom Platform System মাধ্যমে
উপস্থিতি	ডিপিডিসি'র নির্বাহী প্রকৌশলী / ম্যানেজার হতে সর্বোচ্চ পর্যায়ের সকল কর্মকর্তা

সভাপতি উপস্থিত সকল কর্মকর্তাদেরকে স্বাগতম জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর সভাপতির অনুমতিক্রমে জেনারেল ম্যানেজার (আইসিটি, এনার্জি এন্ড মিটারিং) আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যপত্র উপস্থাপন করেন। সভায় ২০২৪-২৫ খ্রি. অর্থ বছরের বার্ষিক কর্ম-সম্পাদন সূচক (APA) এর অগ্রগতি ও বিগত মার্চ, ২০২৫ খ্রি. মাসের মাসিক অভ্যন্তরীণ সমন্বয় সভার গৃহীত সিদ্ধান্ত সমূহের পর্যালোচনা করে নিম্নরূপ সিদ্ধান্ত সমূহ গৃহীত হয়:

আলোচ্যসূচি-০১: সিস্টেম লস

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী

সভায় সিস্টেম লস হ্রাস করা, ম্যাজিস্ট্রেট ড্রাইভ, অবৈধ সংযোগ বিচ্ছিন্নকরণ এর বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়।	১.১ APA ২০২৪-২৫ এ সিস্টেম লসের লক্ষ্যমাত্রা অর্জনের জন্য এনওসিএস এর নির্বাহী প্রকৌশলীবৃন্দ সম্মিলিত প্রচেষ্টা অব্যাহত রাখবেন। ১.২ ফিডারভিত্তিক ও ট্রান্সফরমারভিত্তিক মিটার রিডিং বইগুলো আগস্ট'২৫ এর মধ্যে সাজাতে হবে এবং ট্যারিফ ও এনার্জি অডিট দপ্তর কর্তৃক প্রদত্ত ফিডারভিত্তিক ইমপোর্ট বিলিং সফটওয়্যারে এন্ট্রি করতে হবে। ১.৩ সিস্টেম লস হ্রাস করার লক্ষ্যে এবং ডিপিডিসি'র রাজস্ব আদায় বৃদ্ধির স্বার্থে প্রত্যেক মাসে প্রতি এনওসিএস জোনে কমপক্ষে ০১ টি স্পেশাল মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট ড্রাইভ পরিচালনা করতে হবে। অবৈধভাবে বিদ্যুৎ ব্যবহার প্রতিরোধের জন্য প্রত্যেক এনওসিএস ডিপিডিসি'র স্পেশাল টাস্কফোর্স এর সহযোগিতায় এবং নিজস্ব জনবলের মাধ্যমে অবৈধ বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্নকরণে বিশেষ অভিযান পরিচালনা করবে। (১.৪ আগামী মে'২৫ খ্রি: এর সমন্বয় সভায় স্ট্রীট লাইটের মিটার স্থাপনের ফলে রাজস্ব বৃদ্ধি সংক্রান্ত এনওসিএসওয়ারি বিশ্লেষণ রিপোর্ট তিন জোনের প্রধান প্রকৌশলীগণ উপস্থাপন করবেন। ১.৫ অটোরিকশা চার্জের জন্য অবৈধ বিদ্যুৎ ব্যবহার বেড়ে যাওয়ায় সিস্টেম লস বৃদ্ধি পাচ্ছে। তাই এই বিষয়ে এনওসিএসসমূহ কর্তৃক জনসচেতনতা বৃদ্ধি ও প্রয়োজনে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করার সিদ্ধান্ত গৃহীত হয়। আগামী জুন'২৫ এর মধ্যে জমির মালিক, বিদ্যুৎ সংযোগ গ্রহণকারী গ্রাহক ও অটোরিকশা গ্যারেজের মালিকের এনআইডি ও মোবাইল নম্বর সংগ্রহপূর্বক কেস টু কেস সমাধানের উদ্যোগ গ্রহণ করতে হবে। অবৈধ বিদ্যুৎ ব্যবহারের প্রমাণ স্বরূপ ভিডিও ধারণ করতে হবে। (চ) CSS/DSS সহ সকল Outsourcing জনবলের বদলি, শাস্তিসহ সকল তথ্য প্রস্তুতকৃত এইচআরএম সফটওয়্যারে মে, ২০২৫ এর মধ্যে এনওসিএস দপ্তর হতে হালনাগাদ করতে হবে।	প্রধান প্রকৌশলী (এনওসিএস নর্থ/সাউথ/সেন্ট্রাল)/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল এনওসিএস সার্কেল)/পিডি, জিআইএস/ সকল নির্বাহী প্রকৌশলী, এনওসিএস

আলোচ্যসূচি-০২: CB Ratio / একাউন্টস রিসিভেবল এবং সরকারী, আধা-সরকারী ও স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের বকেয়া আদায়

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী

সভায় Accounts Receivable, CB Ratio এর লক্ষ্যমাত্রা অর্জন এবং সরকারি, আধা-সরকারি, স্বায়ত্বশাসিত ও কর্পোরেশনসমূহের নিকট বকেয়া আদায়ের জন্য সকল এনওসিএসকে কার্যকর পদক্ষেপ নেওয়ার বিষয়ে গুরুত্ব আরোপ করা হয়।	২.১ APA ২০২৪-২৫ অর্থ বছরে CB Ratio/ Accounts Receivable এর লক্ষ্যমাত্রা অর্জনের জন্য এনওসিএস এর নির্বাহী প্রকৌশলীবৃন্দ সম্মিলিত প্রচেষ্টা অব্যাহত রাখবেন। জোনওয়ারী CB Ratio ও Accounts Receivable এর টার্গেট অর্জন করতে হবে। এনওসিএস জোনের প্রধান প্রকৌশলী ও এনওসিএস সার্কেলের তত্বাবধায়ক প্রকৌশলীবৃন্দ বর্ণিত বিষয়টি সার্বিকভাবে তদারকি করবেন। ২.২ সরকারি, আধাসরকারি, স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের বকেয়া আদায়ের লক্ষ্যে ডিপিডিসি'র অভ্যন্তরীণ ফোকাল পয়েন্ট কর্মকর্তাবৃন্দ ২০২৫-২৬ অর্থ বছরে বর্ণিত খাতে পর্যাপ্ত বাজেট বরাদ্দের জন্য সংশ্লিষ্ট মন্ত্রণালয়/ সংস্থা/ প্রতিষ্ঠানের সঙ্গে বৎসরের প্রথম থেকেই যোগাযোগ অব্যাহত রাখবেন। মন্ত্রণালয়ের বিপরীতে নিয়োজিত ডিপিডিসি'র স্ব স্ব ফোকাল পয়েন্ট কর্মকর্তাবৃন্দ সংশ্লিষ্ট মন্ত্রণালয়/সংস্থা/প্রতিষ্ঠান সমূহের সঙ্গে এবং বকেয়া আদায়ে বিদ্যুৎ বিভাগের দায়িত্বরত ফোকাল পয়েন্ট কর্মকর্তার সঙ্গে সার্বক্ষণিক যোগাযোগ রক্ষা করে বকেয়া আদায়ের প্রচেষ্টা অব্যাহত রাখবেন। ডিপিডিসি’র ফোকাল পয়েন্ট কর্মকর্তাবৃন্দ সংশ্লিষ্ট এনওসিএস এর নির্বাহী প্রকৌশলীসহ সকল সরকারি সংস্থার বকেয়া আদায়ের বিষয়ে সচেষ্ট থাকবেন। ২.৩ বিহারী ক্যাম্পের বকেয়া আদায় এবং NID তথ্য ব্যবহার করে প্রি-পেইড মিটারের নতুন সংযোগ দেয়ার বিষয়ে আগামী মে’২৫ সমন্বয় সভার পূর্বে ডিপিডিসি’র সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তা দুর্যোগ মন্ত্রণালয়, স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও বিদ্যুৎ বিভাগের সংশ্লিষ্ট ফোকাল পয়েন্ট কর্মকর্তার সঙ্গে সমন্বয়ের মাধ্যমে একটি ত্রিপক্ষীয় সভার আয়োজন করবেন।	প্রধান প্রকৌশলী (এনওসিএস নর্থ/সাউথ/সেন্ট্রাল)/ তত্বাবধায়ক প্রকৌশলী (সকল এনওসিএস)/ নির্বাহী প্রকৌশলী (সকল এনওসিএস), বর্ণিত বিষয়ে দায়িত্বপ্রাপ্ত ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণ।

আলোচ্যসূচি-০৩: এস্টিমেটেড বিল ও জিরো ইউনিট বিল, পেনাল/ সম্পূরক বিল, ডিস্পুটেড বিল ও খারাপ মিটার পরিবর্তন সংক্রান্ত:

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
সিস্টেম লস হ্রাস করার স্বার্থে ও বিলিং সিস্টেম সহজীকরণের লক্ষ্যে নষ্ট মিটারগুলো অবিলম্বে পরিবর্তনসহ জিরো ইউনিটের বিল হ্রাস করার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়।	“Connected but zero bill” গ্রাহকের তালিকা প্রত্যেক এনওসিএস দপ্তর পরীক্ষা করে পরবর্তী সভায় তথ্য উপস্থাপন করবেন।	প্রধান প্রকৌশলী, এনওসিএস (নর্থ/ সেন্ট্রাল/ সাউথ)/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল এনওসিএস সার্কেল)/ নির্বাহী প্রকৌশলী (সকল এনওসিএস)

আলোচ্যসূচি-০৪: নতুন বিদ্যুৎ সংযোগ

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী

সভায় জিএম, আইসিটি জানান যে, ০২ দিনের মধ্যে এলটি আবাসিক গ্রাহককে সংযোগ প্রদানের জন্য নির্দেশনা থাকা সত্ত্বেও কিছু এনওসিএস নির্ধারিত সময়ের মধ্যে সংযোগ প্রদান করতে পারছে না; যা অত্যন্ত দু:খজনক। নির্ধারিত সময়ের মধ্যে আবাসিক গ্রাহকদের বিদ্যুৎ সংযোগ প্রদান করতে না পারলে APA এর লক্ষ্যমাত্রা অর্জন হবে না মর্মে সভায় আশঙ্কা প্রকাশ করা হয়।	৪.১ মিটার বসানোর পর সর্বোচ্চ ০১ মাসের মধ্যে বিল চালু করতে হবে। ০১ মাসের বেশি সময় ধরে বিল প্রস্তুত পেন্ডিং গ্রাহকদের সমাধান করার পরই কেবল সকল গ্রাহকের MRS সফটওয়্যার এ প্রস্তুত করা যাবে বলে সিদ্ধান্ত গৃহীত হয়। ৪.২ MT, HT, EHT গ্রাহক ব্যতীত সকল নতুন সংযোগের ক্ষেত্রে অনলাইনের মাধ্যমে সকল প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। স্ক্যানকৃত ডকুমেন্ট অনলাইনেই ভেরিফিকেশন করতে হবে। MT, HT, EHT ব্যতীত অন্যান্য নতুন সংযোগের ক্ষেত্রে হার্ডকপি সংরক্ষণ বা হার্ডকপি আবেদন করার কোন প্রয়োজন নেই মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। নির্বাহী পরিচালক (অপারেশন) কর্তৃক লোড বৃদ্ধির আবেদনের পেন্ডিং তালিকা আগামী ০৭ (সাত) কর্ম দিবসের মধ্যে ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের নিকট উপস্থাপন করতে হবে।	প্রধান প্রকৌশলী (এনওসিএস নর্থ/সাউথ/সেন্ট্রাল)/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল এনওসিএস সার্কেল)/ ডিজিএম, আইসিটি (রেভেনিউ)/ ম্যানেজার, আইসিটি (রেভেনিউ)/ নির্বাহী প্রকৌশলী (সকল এনওসিএস)।

আলোচ্যসূচি-০৫: সোলার সিস্টেম সংক্রান্ত

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
সভায় সোলার সিস্টেম বিষয়ে আলোচনা হয়।	৫.১ ডিপিডিসি'র এলাকায় রুফটপ সোলারের তথ্য সংগ্রহের জন্য নির্দিষ্ট ফর্মের মাধ্যমে এনওসিএস কর্তৃক সার্ভে করে পরবর্তী সভার পূর্বেই সোলার সংক্রান্ত তথ্য সফটওয়্যারে এন্ট্রি ও হালনাগাদ করতে হবে। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (Renewable Energy) দপ্তর থেকে স্যাম্পল বেসিস সার্ভে করতে হবে। সার্ভে করে সোলার সিস্টেমে কোন ত্রুটি পাওয়া গেলে তা ডিপিডিসি'র তালিকাভুক্ত ভেন্ডর বা অন্য ভেন্ডরের মাধ্যমে মেরামতের জন্য গ্রাহককে ০৭ দিনের মধ্যে পত্র প্রদান করতে হবে। ৫.২ আগামী মে'২৫ এর মধ্যে প্রত্যেক এনওসিএসে নেট মিটারিং এর আওতায় আসা গ্রাহকদের নেট মিটারিং বিল প্রদান করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।	প্রধান প্রকৌশলী (এনওসিএস নর্থ/সাউথ/সেন্ট্রাল)/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (রিনিউইয়েবল এনার্জি/ সকল এনওসিএস সার্কেল)/ ডিজিএম, আইসিটি (রেভেনিউ)/ ম্যানেজার, আইসিটি (রেভেনিউ)/ নির্বাহী প্রকৌশলী (সকল এনওসিএস)।

আলোচ্যসূচি-০৬: প্রি-পেইড মিটার, পোস্ট-পেইড ও AMI মিটার সংক্রান্ত

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী

পোস্ট-পেইড ও প্রি-পেইড মিটার গ্রাহক পর্যায়ে লোড ম্যানেজমেন্ট প্রয়োগ করার বিষয়ে সভায় আলোচনা করা হয়। এছাড়া, ২০২৪-২৫ এর পরিকল্পনা মাফিক কোয়ার্টার ভিত্তিক প্রি-পেইড মিটার স্থাপনে সংশ্লিষ্ট সকলকে কার্যকর পদক্ষেপ নেওয়ার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়।	৬.১ আগামী জুন'২৫ এর মধ্যে প্রি-পেইড গ্রাহকের বিপরীতে পোস্ট-পেইড মিটারের সর্বমোট বকেয়া ৩২.০১ কোটি টাকা সম্পূর্ণ আদায় করতে হবে। এই লক্ষ্যমাত্রা অনুসারে এনওসিএস এর নির্বাহী প্রকৌশলীবৃন্দ যথাযথ পদক্ষেপ গ্রহণ করবেন। ৬.২ স্পেশাল রিচার্জ পাওয়ার পর হতে যে সকল গ্রাহক আর মিটার রিচার্জ করেনি, এনওসিএস হতে উক্ত গ্রাহকদের স্থাপনা পরিদর্শন করে কোন প্রকার বাইপাস আছে কিনা এ বিষয়ে মে'২৫ সমন্বয় সভার পূর্বে নির্বাহী পরিচালক (অপারেশন) বরাবর রিপোর্ট প্রদান করবে। ৬.৩ লোড কন্ট্রোলের মাধ্যমে লোড বৃদ্ধিকৃত গ্রাহকের মধ্যে ৩০,০০০ গ্রাহকের বিল করা হয়নি। জুন'২৫ এর পূর্বে এসকল বিল প্রস্তুত করতে হবে এবং সকল অনাদায়ী বিল আদায় করতে হবে। ৬.৪ AMI এনওসিএস এর নতুন সংযোগ প্রিপেইড মিটার দ্বারা সম্পন্ন করার বিষয়ে নির্বাহী পরচালক (অপারেশন) অনতিবিলম্বে একটি সার্কুলার জারি করবেন।	প্রধান প্রকৌশলী (এনওসিএস নর্থ/সাউথ/সেন্ট্রাল)/ ডিজিএম (আইসিটি) ডেভেলপমেন্ট/ রেভেনিউ/ প্রকল্প পরিচালক (৮.৫ লক্ষ স্মার্ট প্রি-পেইড মিটার)/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল এনওসিএস সার্কেল)/ ম্যানেজার, (আইসিটি ডেভেলপমেন্ট)/ রেভেনিউ/ নির্বাহী প্রকৌশলী (সকল এনওসিএস)।

আলোচ্যসূচি-০৭: GIS ম্যাপিং সংক্রান্ত:

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
সভায় জিআইএস ম্যাপিং সম্পর্কিত ২০২৪-২৫ এর লক্ষ্যমাত্রা সম্পর্কে আলোচনা হয়।	(ক) ডিপিডিসি'র ২০২৪-২৫ অর্থবছরের জিআইএস ম্যাপিং সম্পর্কিত APA লক্ষ্যমাত্রা অর্জনে সচেষ্ট হতে হবে। (খ) মে'২৫ সমন্বয় সভার পূর্বে জিআইএস এর সাথে নতুন সংযোগ ইন্টিগ্রেশন, ডাটা হালনাগাদ ও একটি সার্ভে টীম গঠন করার সিদ্ধান্ত গৃহীত হয়।	প্রধান প্রকৌশলী ডেভেলপমেন্ট/ সকল প্রকল্প পরিচালক/ জিআইএস ম্যাপিং প্রকল্পের প্রকল্প পরিচালক ও সংশ্লিষ্ট কর্মকর্তা/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী ডেভেলপমেন্ট ১ এবং ২।

আলোচ্যসূচি-৮: ১১ কেভি ফিডার অটোমেশন ও SAIDI/SAIFI:

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
গত ১৮ সেপ্টেম্বর, ২০২৪ তারিখে ১১ কেভি ফিডার অটোমেশনের অগ্রগতি ও লক্ষ্য নির্ধারণী সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভায় APA 2024-25 অনুসারে ডিপিডিসি'র সাস ও নন সাস ফিডার অটোমেশনের লক্ষ্য নির্ধারণ করা হয়েছে ও ১৫টি NON-SAS এর আওতাভুক্ত ফিডার অটোমেশন করা হয়েছে বলে সভায় অবহিত করা হয়।	৮.১ মোট ৪৫টি SAS এর আওতাভুক্ত ফিডার অটোমেশন জুন'২৫ এর মধ্যে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। ৮.২ আরও ২০টি সহ মোট ৩৫টি NON-SAS এর আওতাভুক্ত ফিডার অটোমেশন জুন'২৫ এর মধ্যে সম্পন্ন করতে হবে।	প্রধান প্রকৌশলী (গ্রীড)/ পিডি, জিটুজি/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সিস্টেম প্রটেকশন/ গ্রীড সাউথ)/ দীপক চন্দ্র রায়, ডেপুটি ম্যানেজার (আইসিটি)

আলোচ্যসূচি-০৯: অ্যাসেট ম্যানেজমেন্ট সফটওয়্যার, স্টোরের মালামাল পরিস্থিতি ও ডিস্ট্রিবিউশন ম্যানেজমেন্ট সিস্টেম

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী

সভায় লোকাল স্টোরে মালামাল সঠিকভাবে ইস্যু করা, সেন্ট্রাল স্টোরের অব্যবহৃত/ অকেজো মালামাল ও বিভিন্ন মালামালের সঠিক ও সুষ্ঠু ব্যবহার নিয়ে বিস্তারিত আলোচনা হয়।	৯.১ সেন্ট্রাল স্টোরে বিভিন্ন মালামাল দীর্ঘদিন যাবৎ অব্যবহৃত অবস্থায় রয়েছে তা কোন দপ্তরের রিকুইজিশনের মাধ্যমে ক্রয় করা হয়েছিল এ বিষয়ে প্রধান প্রকৌশলী (ডেভেলপমেন্ট) ও তত্ত্বাবধায়ক প্রকৌশলী (স্টোর ম্যানেজমেন্ট) পর্যালোচনা করে পূর্ব সিদ্ধান্তের আলোকে উপযুক্ত পদক্ষেপ গ্রহণ করবেন। তাছাড়া শূন্য মজুদ ও দীর্ঘদিন যাবৎ অব্যবহৃত ও অকেজো অবস্থায় রয়েছে; এই সব মালামালের তালিকা তত্ত্বাবধায়ক প্রকৌশলী (স্টোর ম্যানেজমেন্ট) পরবর্তী সভায় উপস্থাপন করার সিদ্ধান্ত গৃহীত হয়। ৯.২ সেন্ট্রাল স্টোরে যেসকল মালামালের মজুদ কম রয়েছে সেগুলো ক্রয়ের ব্যাপারে তত্ত্বাবধায়ক প্রকৌশলী (স্টোর ম্যানেজমেন্ট) ও তত্ত্বাবধায়ক প্রকৌশলী (কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট) আলোচনাপূর্বক যথাযথ পদক্ষেপ গ্রহণ করবেন এবং পরবর্তী সভায় অগ্রগতি উপস্থাপন করবেন। ৯.৩ ডিস্ট্রিবিউশন ম্যানেজমেন্ট সিস্টেমের তথ্য হালনাগাদ করার ব্যবস্থা গ্রহণ করতে হবে।	প্রধান প্রকৌশলী (ডেভেলপমেন্ট)/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (কন্ট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট/ সিস্টেম সার্ভিসেস/ মিটারিং/ স্টোর ম্যানেজমেন্ট)/ ডিজিএম, ফিন্যান্স (অ্যাসেট ম্যানেজমেন্ট এন্ড স্টোর একাউন্টিং)/ ম্যানেজার, (আইসিটি ডেভেলপমেন্ট)/ নির্বাহী প্রকৌশলী (সকল এনওসিএস)

আলোচ্যসূচি-১০: **APP বাস্তবায়ন অগ্রগতি**

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
সভায় নির্বাহী পরিচালক, অ্যাডমিন এন্ড এইচআর জানান যে, চলমান সংকটময় পরিস্থিতিতে ডিপিডিসি'র বাজেট স্বল্পতা থাকার কারণে কৃচ্ছতাসাধন কার্যক্রমের অংশ হিসেবে আপাতত: প্রয়োজনীয় ব্যয় ব্যতীত অপ্রয়োজনীয় ব্যয় পরিহার করে APP Revised করতে হবে। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, কনট্রাক্ট এন্ড প্রকিউরমেন্টকে এ ব্যাপারে যথাযথ উদ্যোগ নেওয়ার বিষয়ে সভায় গুরুত্বারোপ করা হয়।	সকল দপ্তর জরুরিভিত্তিতে Hard Budget Constraint বিবেচনা করে Cost Reduction Plan প্রস্তুত করবে এবং সেই অনুযায়ী নিজ নিজ ক্রয় পরিকল্পনা যথাসময়ে সম্পন্ন করতে হবে। তাছাড়া, কোন এপিপি আইটেম (ক্রয়, কাজ ও ভৌত সেবা) বাস্তবায়ন সম্ভব না হলে অবিলম্বে তা ড্রপ করতে হবে। এব্যাপারে সংশ্লিষ্ট প্রধান প্রকৌশলী/ জেনারেল ম্যানেজার তার আওতাধীন কষ্ট সেন্টারসমূহ-কে প্রয়োজনীয় দিক-নির্দেশনা প্রদান করবে।	প্রধান প্রকৌশলী (কনট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট)/ প্রধান প্রকৌশলী (এনওসিএস নর্থ/ সেন্ট্রাল/ সাউথ)/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (কনট্রাক্ট এন্ড প্রকিউরমেন্ট)/ ম্যানেজার, আইসিটি ডেভেলপমেন্ট/ সকল দপ্তর প্রধান।

–

–

–

–

আলোচ্যসূচি-১১: **অডিট আপত্তির জবাব প্রদান ও দেনা পরিশোধ সংক্রান্ত আলোচনা:**

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী

অডিট আপত্তি নিষ্পত্তির বিষয়ে আলোচনা করা হয়। ডিপিডিসি'র মোট ৬২৫ টি অডিট আপত্তির মধ্যে ২১ টি আপত্তি নিষ্পত্তি হয়েছে ও ৬০৪ টি অডিট আপত্তি অনিষ্পন্ন রয়েছে।	১১.১ যে সকল অডিট আপত্তির জবাব প্রেরণ করা হয়নি, উক্ত আপত্তিসমূহের সন্তোষজনক ও নিষ্পত্তিমূলক জবাব প্রেরণপূর্বক দ্রুত নিষ্পত্তি করার সিদ্ধান্ত গৃহীত হয়। ১১.২ বকেয়া সংক্রান্ত অডিট নিষ্পত্তি করার জন্য বকেয়া আদায় পূর্বক সঠিকভাবে জবাব প্রদান ও দ্রুত নিষ্পত্তি করতে হবে। ১১.৩ লক্ষ্যমাত্রা অনুযায়ী দেনা পরিশোধের জন্য যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে হবে। ১১.৪ জিরো বিল সংক্রান্ত অডিট আপত্তিসমূহ নিষ্পত্তির জন্য দ্রুত খুঁজে বের করে বকেয়া আদায় ও অডিট আপত্তি নিষ্পত্তি করতে হবে।	প্রধান প্রকৌশলী (এনওসিএস নর্থ/ সেন্ট্রাল/ সাউথ)/ জিএম, অডিট/ফিন্যান্স/ ডিজিএম, (গভ: এন্ড রেভেনিউ অডিট)/ তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সকল এনওসিএস সার্কেল)/ নির্বাহী প্রকৌশলী (সকল এনওসিএস)।

আলোচ্যসূচি-১২: নিরাপত্তা সংক্রান্ত:

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
ডিপিডিসি'র আওতাধীন দপ্তর/স্থাপনাসমূহে পরিষ্কারপরিচ্ছন্নতা অভিযান পরিচালনা বিষয়ে আলোচনা করা হয়।	দপ্তর/স্থাপনাসমূহে নিয়মিত পরিষ্কার পরিচ্ছন্নতা অভিযান পরিচালনা করতে হবে এবং দায়িত্বশীল কর্মকর্তাগণকে তা নিয়মিত মনিটরিং করতে হবে।	সকল দপ্তর প্রধান/ ডিজিএম (এইচ আর), সিকিউরিটি।
বৈদ্যুতিক লাইনের নিরাপত্তা প্রসঙ্গে আলোচনা করা হয়।	বিদ্যুৎ লাইনে কাজ করার ক্ষেত্রে শাটডাউন ও চালু করার সময় অধিক সাবধানতা অবলম্বন করতে হবে যেন কোন দুর্ঘটনা না ঘটে। এ ক্ষেত্রে, অবশ্যই সেফটি গাইডলাইনের SOP যথাযথভাবে অনুসরন করতে হবে। কাজ শুরু করার পূর্বে সঠিকভাবে গ্রাউন্ডিং করতে হবে এবং পিপি পরিধান করতে হবে। এছাড়া কন্ট্রোল রুমের সাথে সঠিক যোগাযোগ রক্ষা করতে হবে ও VHF/UHF চালু করতে হবে। ডিশ ও ইন্টারনেট কোম্পানির তার ও বক্স বৈদ্যুতিক লাইন হতে নিরাপদ দূরত্বে রাখার জন্য নিয়মিত মনিটরিং ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।	তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সিস্টেম কন্ট্রোল অ্যান্ড স্ক্যাডা/ নির্বাহী প্রকৌশলী (সকল এনওসিএস)

আলোচ্যসূচি-১৩: শুদ্ধাচার:

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
শুদ্ধাচার এর ২০২৪-২৫ অর্থ বছরের বিভিন্ন লক্ষ্যমাত্রা ও অর্জন বিষয়ে আলোচনা হয়।	শুদ্ধাচার এর ২০২৪-২৫ অর্থ বছরের লক্ষ্যমাত্রা অনুযায়ী দ্রুত ৩য় কোয়ার্টারের PIC সভা সম্পন্ন করে বিদ্যুৎ বিভাগকে অবহিত করতে হবে এবং ৪র্থ কোয়ার্টারের PIC সভা যথাসময়ে সম্পন্ন করতে হবে।	সকল দপ্তর প্রধান।

আলোচ্যসূচি-১৪: ডি-ফাইলিং ও ইআরপি বাস্তবায়ন:

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
ডি-ফাইলিং ও ইআরপি এর ২০২৪-২৫ অর্থ বছরের লক্ষ্যমাত্রা ও অর্জন বিষয়ে আলোচনা হয়। মার্চ'২৫ মাসে ডি-ফাইলিং এর লক্ষ্যমাত্রা ১০০% অর্জিত হয়েছে বলে সভায় অবহিত করা হয়। পরবর্তী মাস গুলোতেও ১০০% লক্ষ্যমাত্রা অর্জনে সকলকে সচেষ্ট থাকার বিষয়ে গুরুত্বারোপ করা হয়।	সকল দাপ্তরিক কাজে ম্যানুয়াল নথির পরিমাণ আরও কমিয়ে ডি-ফাইলিং এর ব্যবহার ১০০% নিশ্চিত করার সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়া, ইআরপি এর সকল মডিউলের যথাযথ ব্যবহার অব্যাহত রাখতে হবে ও সকল তথ্য হালনাগাদ করতে হবে।	সকল দপ্তর প্রধান।

আলোচ্যসূচি-১৫: এপিএ ২০২৪-২৫ (অন্যান্য) :

আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
এপিএ ২০২৪-২৫ এর অন্যান্য সূচক বিষয়ে আলোচনা হয়।	যেসকল সূচকের অগ্রগতি সন্তোষজনক নয় সেবিষয়ে মে'২৫ সমন্বয় সভার পূর্বে সংশ্লিষ্ট সকলকে পত্রের মাধ্যমে অবহিত করতে হবে।	ডিজিএম (অর্থ), রেগুলেটরি অ্যাফেয়ার্স

এছাড়া সময় স্বল্পতার কারণে সমন্বয় সভার যে এজেন্ডাগুলো আলোচনা করা সম্ভব হয়নি, পূর্বের সমন্বয় সভায় আলোচিত সে এজেন্ডাগুলোর সিদ্ধান্তসমূহ অপরিবর্তিত ও পুনর্বহাল থাকবে। পরিশেষে, আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

০৪-০৫-২০২৫
নূর আহমদ
ব্যবস্থাপনা পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)
md@dpdc.gov.bd

তারিখ: ২১ বৈশাখ ১৪৩২ বঙ্গাব্দ
০৪ মে ২০২৫ খ্রিস্টাব্দ

নম্বর: ২৭.৮৭.০০০০.০০০.০০০.০৬.০০০১.২৫.৭

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১। এক্সিকিউটিভ ডিরেক্টর (অ্যাডমিন ও এইচ আর), এডমিন ও এইচআর বিভাগ, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)।
২। এক্সিকিউটিভ ডিরেক্টর (ফিন্যান্স) (অতিরিক্ত দায়িত্ব), ফিন্যান্স বিভাগ, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)।
৩। এক্সিকিউটিভ ডিরেক্টর (ইঞ্জিনিয়ারিং), ইঞ্জিনিয়ারিং বিভাগ, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)।
৪। এক্সিকিউটিভ ডিরেক্টর (অপারেশন্স), অপারেশন বিভাগ, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)।
৫। এক্সিকিউটিভ ডিরেক্টর (আইসিটি এন্ড প্রকিউরমেন্ট) (অতিরিক্ত দায়িত্ব), আইসিটি ও প্রকিউরমেন্ট বিভাগ, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)।
৬। কোম্পানি সেক্রেটারি, কোম্পানী সেক্রেটারিয়েট, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)।
৭। প্রধান প্রকৌশলী, গ্রিড শাখা, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)।
৮। জেনারেল ম্যানেজার (এইচ আর), এইচআর শাখা, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)।
৯। জেনারেল ম্যানেজার (আইসিটি/টেক), আইসিটি, এনার্জি এন্ড মিটারিং শাখা, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)।
১০। প্রধান প্রকৌশলী, প্রকিউরমেন্ট এন্ড স্টোর শাখা, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)।
১১। প্রধান প্রকৌশলী, ডেভেলপমেন্ট শাখা, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)।
১২। প্রধান প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব), এনওসিএস (নর্থ) শাখা, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)।
১৩। প্রধান প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব), এনওসিএস (সেন্ট্রাল) শাখা, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)।
১৪। প্রধান প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব), এনওসিএস (সাউথ) শাখা, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)।
১৫। প্রধান প্রকৌশলী, সিস্টেম অপারেশন এন্ড স্ক্যাডা শাখা, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)।
১৬। প্রজেক্ট ডিরেক্টর, এক্সপানশন এন্ড স্ট্রেন্দেনিং অব পাওয়ার সিস্টেম নেটওয়ার্ক আন্ডার ডিপিডিসিtt, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)।
১৭। জেনারেল ম্যানেজার (ফিন্যান্স), ফিন্যান্স শাখা, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)।

১৮। প্রজেক্ট ডিরেক্টর, ডিপিডিসি’র আওতাধীন এলাকায় আট লক্ষ পঞ্চাশ হাজার স্মার্ট প্রি-পেমেন্ট মিটার স্থাপন প্রকল্প, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)।
১৯। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এসই, ডেভেলপমেন্ট-১, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)।
২০। প্রজেক্ট ডিরেক্টর, ডিপিডিসি’র আওতাধীন এলাকায় বিদ্যুৎ বিতরণ ব্যবস্থা উন্নয়ন প্রকল্প, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)।
২১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব), এসই, ডেভেলপমেন্ট-২, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)।
২২। প্রজেক্ট ডিরেক্টর (অতিরিক্ত দায়িত্ব), প্রি-পেমেন্ট মিটারিং প্রজেক্ট ফর ৬ এনওসিএস ডিভিশন আন্ডার ডিপিডিসিtt, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)।
২৩। জেনারেল ম্যানেজার (ফিন্যান্স) (অতিরিক্ত দায়িত্ব), অডিট শাখা, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)।
২৪। প্রধান প্রকৌশলী (অতিরিক্ত দায়িত্ব), প্ল্যানিং এন্ড ডিজাইন শাখা, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)।
২৫। প্রজেক্ট ডিরেক্টর, ডিপিডিসি’র আওতাধীন এলাকায় উপকেন্দ্র নির্মাণ ও পুনর্বাসন, বিদ্যুৎ ব্যবস্থায় ক্যাপাসিটর ব্যাংক স্থাপন এবং স্মার্ট গ্রীড ব্যবস্থার প্রবর্তন প্রকল্প, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)।
২৬। সুপারিন্টেন্ডিং ইঞ্জিনিয়ার, এসই, এনওসিএস (নারায়নগঞ্জ), ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)।
২৭। ডেপুটি জেনারেল ম্যানেজার (এইচ আর), লিগ্যাল অ্যাফেয়ার্স শাখা, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)।
২৮। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এসই, এনওসিএস (কাজলা), ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)।
২৯। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, সিভিল ওয়ার্কস শাখা, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)।
৩০। চিফ মেডিকেল অফিসার, সিএমও শাখা, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)।
৩১। সুপারিন্টেন্ডিং ইঞ্জিনিয়ার (অতিরিক্ত দায়িত্ব), এসই, এনওসিএস (পোস্তগোলা), ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)।
৩২। ডেপুটি জেনারেল ম্যানেজার (এইচ আর), পাবলিক রিলেশনস শাখা, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)।
৩৩। ডেপুটি জেনারেল ম্যানেজার (এইচ আর), এস্টেট এন্ড ট্রান্সপোর্ট শাখা, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)।
৩৪। সুপারিন্টেন্ডিং ইঞ্জিনিয়ার (অতিরিক্ত দায়িত্ব), এসই, এনওসিএস (ফতুল্লা), ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)।
৩৫। ডেপুটি জেনারেল ম্যানেজার (ফিন্যান্স), রেগুলেটরি অ্যাফেয়ার্স শাখা, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)।
৩৬। সুপারিন্টেন্ডিং ইঞ্জিনিয়ার, সিস্টেম কন্ট্রোল এন্ড স্ক্যাডা শাখা, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)।
৩৭। ডেপুটি জেনারেল ম্যানেজার (ফিন্যান্স), ইন্টারনাল অডিট, কন্ট্রোল এন্ড কমপ্লায়নস শাখা, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)।
৩৮। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ট্রেনিং এন্ড ডেভেলপমেন্ট শাখা, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)।
৩৯। ডেপুটি জেনারেল ম্যানেজার (আইসিটি), আইসিটি (ডেভেলপমেন্ট) শাখা, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)।
৪০। ডেপুটি জেনারেল ম্যানেজার (ফিন্যান্স), গভর্নমেন্ট এন্ড রেভিনিউ অডিট শাখা, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)।
৪১। সুপারিন্টেন্ডিং ইঞ্জিনিয়ার, এসই, এনওসিএস (মগবাজার), ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)।
৪২। সুপারিন্টেন্ডিং ইঞ্জিনিয়ার, এসই, এনওসিএস (বাসাবো), ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)।
৪৩। সুপারিন্টেন্ডিং ইঞ্জিনিয়ার (অতিরিক্ত দায়িত্ব), এসই, এনওসিএস (আজিমপুর), ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)।

৪৪। সুপারিন্টেন্ডিং ইঞ্জিনিয়ার, এসই, এনওসিএস (ধানমন্ডি), ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)।
৪৫। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এসই, এনওসিএস (ডেমরা), ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)।
৪৬। ম্যানেজার (এইচ আর), কোম্পানী সেক্রেটারিয়েট, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)।
৪৭। প্রজেক্ট ডিরেক্টর (অতিরিক্ত দায়িত্ব), ডিপিডিসি'র আওতায় ঢাকার কাওরানবাজারে ভূ-গর্ভস্থ উপকেন্দ্র নির্মাণ প্রকল্প, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)।
৪৮। এক্সিকিউটিভ ইঞ্জিনিয়ার, এক্সএন, বাসাবো, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)।
৪৯। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এসই, এনওসিএস (রমনা), ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)।
৫০। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এসই, এনওসিএস (বাংলাবাজার), ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)।
৫১। সুপারিন্টেন্ডিং ইঞ্জিনিয়ার, এসই, এনওসিএস (মতিঝিল), ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)।
৫২। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, এসই, এনওসিএস (শ্যামপুর), ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)।
৫৩। এক্সিকিউটিভ ইঞ্জিনিয়ার (অতিরিক্ত দায়িত্ব), ইঞ্জিনিয়ারিং বিভাগ, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)।
৫৪। এক্সিকিউটিভ ইঞ্জিনিয়ার, অপারেশন বিভাগ, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)।
৫৫। জুনিয়র অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার (এইচ আর), ব্যবস্থাপনা পরিচালক- এর দপ্তর, ঢাকা পাওয়ার ডিস্ট্রিবিউশন কোম্পানি লিমিটেড (ডিপিডিসি)।

০৫-০৫-২০২৫
খন্দকার এ.এইচ.এম. জুলফিকার হায়দার
চিফ কোর্ডিনেশন অফিসার (সুপারিন্টেন্ডিং ইঞ্জিনিয়ার)